একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হইবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্য্যালয়,

কক্সবাজার মেডিকেল কলেজ,কক্সবাজার।

**www.coxmc.edu.bd**

**e-mail: coxmc@ac.dghs.gov.bd**

স্মারক নং- ৫৯.১৪.২২০০.০৪১.০৩.০০০.২৪/৩৩৩

২৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**-ঃ বিজ্ঞপ্তি ঃ-**

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৪.৭৬১ তারিখ: ১১/০২/২০২৪ খ্রি. ২০২৩ - ২০২৪ খ্রি. শিক্ষা বর্ষে কক্সবাজার মেডিকেল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ও আবেদন পত্রের সাথে দাখিলকৃত কাগজ পত্র যাচাইয়ের জন্য নিম্নে বর্ণিত তারিখ অনুযায়ী ছাত্র/ছাত্রীদেরকে স্বয়ং উপস্থিত হইতে হইবে এবং যাবতীয় কাজগপত্রাদির মূল কপি গঠনকৃত বোর্ডের নিকট পেশ করিতে হইবে। তাহা অত্র অফিসে সংরক্ষিত থাকিবে। অন্যথায় তাহাদের ব্যাপারে ভর্তি বিবেচ্য হইবে না। ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য টাকা প্রদানের পূর্বে নিয়ম অনুযায়ী সনদ যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা করানো হইবে।

ছাত্র/ ছাত্রীদের মূল কাগজপত্রাদি যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা কক্সবাজার মেডিকেল কলেজের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হইবে।

১৮/০২/২০২৪ ইং তারিখ হইতে ২৪/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত ভর্তির কার্য্যক্রম চলিবে। প্রত্যেক দিন সকাল ৯.০০ ঘটিকা হইতে ১১.০০ ঘটিকা পর্যন্ত সনদযাচাই, ১১.০০ টা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত স্বাস্থ্য পরীক্ষা, দুপুর ১.০০ টা হইতে ২.৩০ ঘটিকা পর্যন্ত ভর্তি ফি গ্রহন করা হইবে। অত্র মেডিকেল কলেজের ভর্তির তারিখ নির্ধারণ করা হইয়াছে। মাইগ্রেশনের আবেদনের শেষ তারিখ ২৪/০২/২০২৪ ইং তারিখ।

উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হইবে। পরবর্তিতে যদি কোন ছাত্র/ছাত্রীর আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদির স্বপক্ষে পরীক্ষার্থী কর্তৃক প্রমাণক প্রদানে ব্যর্থ হলে বা প্রদানকৃত তথ্য অসত্য বলে প্রমাণিত হলে যে কোনো সময় তার ভর্তি বাতিল পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

## যাচাই বোর্ডে যে সমস্ত কাগজপত্রাদি (প্রয়োজন) পেশ করিতে হইবে।

১. ২০২৩ -২০২৪ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

২. এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড

৩. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র।

৪. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও প্রশংসা পত্র।

৫. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্র।

৬. ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

৭. মুক্তিযুদ্ধো কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ: ১৮/১০/২০২০ খ্রি: এ জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।

৮. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।

14.02.2024

(অধ্যাপক ডাঃ মো: ফরহাদ হোসেন)
অধ্যক্ষ
কক্সবাজার মেডিকেল কলেজ
Tel.no: 02334462395 Fax-02334462396